আলমডাঙ্গায় মহিউদ্দিন একাডেমির প্রতিষ্ঠাবার্ষিকী ও পুরস্কার বিতরণী

আলমডাঙ্গার কামালপুর (চরপাড়া) মহিউদ্দিন একাডেমির প্রতিষ্ঠাবার্ষিকী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার বিকাল ৩ টার দিকে প্রতিষ্ঠান প্রাঙ্গণে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

প্রতিষ্ঠা বার্ষিকী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম।

প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম বলেন,আমি ভেবেছি, আমি যদি এখানে এসে একটু অনুপ্রেরণা দিতে পারি, আমি মনে করির এটা আমার একটা দ্বায়িত্ব। যে এখানে আসলাম উনাকে সাপোর্ট দিলাম,উনার প্রতিষ্ঠানটি এগিয়ে যাক,এতে উনি মনোবল পাবে। উনি অন্তত এই টুকু ভাববে যে একটা মহান উদ্দেশ্যে নিয়ে কাজটা শুরু করেছি, আমি তো সকলের সহযোগিতা পাচ্ছি। আমি শুধু এই জিনিনটা, দেখানোর জন্যই এখানে আসছি। আর যদি কোন অজুহাতে অথবা কোন ব্যস্ততার কারণে না আসতাম, তিনি হয়তো ভাবতো যে, আমি একটা পজেটিভ চিন্তা করি কিন্ত দেশতো আমাকে সামনে এগিয়ে দিচ্ছে না। প্রশাসন আসছে না,লোকজন আসছে না। আমি কিভাবে আগাবো। উনি বক্তব্যে বলেছেন এই প্রতিষ্ঠান আপনাদের। এটা কিন্তু একটা সত্য কথা তিনি বলেছেন। একটা প্রতিষ্ঠান উনি করে দিতে পারবেন। কিন্ত ম্যানেজমেন্ট পরিচালনা পরে সামনের দিকে নিতে গেলে আপনাদের সকলের সহযোগিতা ছাড়া এ প্রতিষ্ঠান এগুবে না।

জেলা প্রশাসক আরো বলেন, এই প্রতিষ্ঠানের মূল উপকারভোগী কিন্ত আপনারাই হবেন। এখানে এতোগুলো বাচ্চা যখন কোরআন তেলোয়াত করবে এর আওয়াজ কি আপনারা শুনবেন না? অবশ্যই শুনবেন। এর রহমত,এর ছোঁয়া কিন্ত আপনার অব্শ্যই পাবেন।

মহিউদ্দিন একাডেমির প্রতিষ্ঠাতা মো: মহিউদ্দিন আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার গোলাম মওলা, আলমডাঙ্গা উপজেলা নির্বাহী

অফিসার মোহা: মেহেদী ইসলাম, সহকারি কমিশনার ভূমি আশিষ কুমার বোস, চুয়াডাঙ্গার, ফাস্ট ক্যাপিটাল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আব্দুল মজিদ বিশ্বাস, মহিউদ্দিন একাডেমির সহ-সভাপতি জনির উদ্দিন, মহিউদ্দিন একাডেমির প্রিন্সিপাল রাকিবুল ইসলাম, অভিভাবক সদস্য হাজী আহম্মদ আলী প্রমুখ।

অনুষ্ঠানটি পরিচালনা করেন প্রতিষ্ঠানের ইংরেজি বিভাগের শিক্ষক মো: মফিজুল ইসলাম।

ঝিনাইদহে প্রমীলা ফুটবল প্রতিযোগিতার পুরস্কার বিতরণী

ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচি ২০২৪-২৫ এর আওতায় জেলা ক্রীড়া অফিস ঝিনাইদহের আয়োজনে প্রমীলা ফুটবল প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সকালে ঝিনাইদহ বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামে এ প্রতিযোগিতার অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহ জেলার ৪টি প্রমীলা ফুটবল দল টুর্নামেন্টে অংশগ্রহণ করেন।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে জেলা ক্রীড়া অফিসার মোঃ মিজানুর রহমানের সভাপতিত্বে উপস্থিত ছিলেন মোহাম্মদ আহসান উদ্দিন আফাঙ্গীর, সাবেক ফুটবলার ও জেলা ফুটবল এসোসিয়েশনের সভাপতি মোঃ আহাসানউজ্জামান ঝন্টু, জেলা ফুটবল এসোসিয়েশনের সাধারণ সম্পাদক তৌহিদুল ইসলাম সংগ্রাম, জেলা রেফারি এসোসিয়েশনের সাধারণ সম্পাদক শাহ মোহাম্মদ আব্দুল্লাহ সহ অন্যান্য ক্রীড়া সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ।

দর্শনা ডিএস মাদরাসার ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত

চুয়াডাঙ্গার দর্শনায় ডিএস মাদ্রাসার ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১১ টায় দর্শনা কেরুজ বাজার মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়। দশম একাদশকে ৪-২ গোলে হারিয়ে ফাযিল একাদশ জয়লাভ করে। পুরো খেলায় ড্র হওয়াতে পরে ট্রাইবেকারে ৪-২ গোলে ফাযিল একাদশ জয়লাভ করে। খেলা শেষে পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

উক্ত পুরস্কার বিতরণী অনুষ্ঠানে মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোঃ শফি উদ্দিন মোল্লার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরস্কার বিতরণ করেন, দর্শনার ক্রীড়াঙ্গনের একজন প্রবীন খেলোয়াড় গিয়াস উদ্দিন পিনা।

এ সময় তিনি বলেন, খেলাধুলা শারীরিক ও মানুষিক বিকাশ ঘটায়। তাই আসুন “মাদককে না বলি খেলাধুলায় মনোনিবেশ করি”। আমাদের দর্শনা যেহেতু সীমান্তবর্তী ও মাদকপ্রবণ এলাকা। তাই আমাদের উচিত আমাদের সন্তানদেরকে শারীরিক ও মানসিক বিকাশ ঘটাতে লেখা-পড়ার পাশাপাশি খেলাধুলায় আগ্রহী করে তুলি।

উক্ত খেলায় মাদ্রাসার প্রভাষক আব্দুর রশিদের প্রাণবন্ত উপস্থাপনায় আরো উপস্থিত ছিলেন, অত্র প্রতিষ্ঠানের শিক্ষক-আরিফুজ্জামান আরিফ, জগলুল হায়দার আফ্রিক, আবুল হোসেন, সাদিকুর রহমান মাহবুবুর রহমান সহ মাদরাসার শিক্ষক-শিক্ষিকা বৃন্দ। টুর্নামেন্টের সর্বোচ্চ গোল দাতা ফাহিম হোসেন ও ম্যান অফ দ্যা ম্যাচ আঃ মালেক। খেলাটি পরিচালনা করেন, শাহিন ও ফাহিম।

টুর্নামেন্ট পরিচালনা করেন, টুর্নামেন্ট পরিচালনা কমিটির সভাপতি মাওলানা মনজুর আহমেদ, সাধারণ সম্পাদক লিনা পারভীন, সদস্য- আজিজুর রহমান জাহাঙ্গীর আলম, বায়েজিদ হোসেন কাফফি, নুরুল আমিন ও রিয়াদ হোসেন।

[redacted]

[redacted]

পরাজিত হয়। মনোমুগ্ধকর খেলা উপভোগ করেন উপস্থিত দর্শকবৃন্দ।

খেলায় আমন্ত্রিত উপস্থিত অতিথি বৃন্দ দামুড়হুদা একাডেমী কে চাম্পিয়ান ট্রফি ও দামুড়হুদা একাদশকে রানার্সআপ ট্রফি প্রদান করা হয়। খেলায় রেফারি দায়িত্ব পালন করেন নিপুন, আলো, ইউসুফ আলী এবং ধারাভাষ্যকারে ছিলেন শওকত হোসেন।

রংতুলি ডিলিজেন্ট একাডেমী স্কুলে নবীন বরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান

রংতুলি ডিলিজেন্ট একাডেমী স্কুলে নবীন বরণ, বিদায়,পুরস্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

বৃহস্পতিবার (৮ ফেব্রুয়ারি) সকালে রংতুলি ডিলিজেন্ট একাডেমী স্কুল চত্বরে এসকল অনুষ্ঠানের আয়োজন করা হয়।

রংতুলি ডিলিজেন্ট একাডেমী স্কুলে পরিচালক মোঃ রাশেদ খাঁনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড.মহা: আব্দুস সালাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর মেয়র মোঃ মাহফুজুর রহমান রিটন। এছাড়াও স্কুলের শিক্ষক, অভিভাবক ও শিক্ষার্থীগণ উপস্থিত ছিলেন।

এসময় স্কুলের নতুন শিক্ষার্থীদের মিষ্টি খাইয়ে বরণ করে নেওয়া হয়। পরে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

ঝিনাইদহ ক্যাডেট কলেজে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণী

ঝিনাইদহ ক্যাডেট কলেজের ৩ দিন ব্যাপী ৫৮তম আন্তঃহাউজ বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার বিকালে সমাপনী দিনে পুরুষ্কার বিতরণ করা হয়। প্রধান অতিথি হিসেবে বিজয়ী ক্যাডেটদের হাতে পুরুষ্কার তুলে দেন বাংলাদেশ সেনাবহিনীর ইঞ্চিনিয়ারিং ইন চিপ মেজর জেনারেল ইফতেখার আনিস।

এসময় উপস্থিত ছিলেন ঝিনাইদহ ক্যাডেট কলেজের অধ্যক্ষ কর্নেল এস এম রাকিব ইবনে রেজওয়ান, এ্যাডজুটেন্ট মেজর মোঃ মাঈনুল হোসেন, মেডিকেল অফিসার ক্যাপ্টেন মোহাইমেনুল ইসলাম মাহমুদ।

এছাড়া সমাপনী অনুষ্ঠানে ক্যাডেটদের অভিভাবক শিক্ষকমন্ডলী ও অতিথিগন উপস্থিত ছিলেন। প্রতিযোগিতায় ক্যাডেটরা ৩৩টি ইভেন্টে অংশ গ্রহন করে বদর হাউজ চ্যাম্পিয়ান ও খায়বার হাউজ রানার্সআপ হয়।

প্রধান অতিথি মেজর জেনারেল ইফতেখার আনিস ক্যাডেটবৃন্দের লেখাপড়া শেষ করে দেশপ্রেম এবং সততার সাথে দেশ ও জাতির কল্যানে নিজেদেরকে আত্ননিয়োগ করতে আহ্বান জানান।

মুজিবনগরে বিদ্যালয় পরিচালনা কমিটির সাথে সভা ও পুরস্কার বিতরণী

মুজিবনগরে উপজেলার প্রাথমিক বিদ্যালয়ের পরিচালনা কমিটির সাথে সভা এবং প্রাথমিক বিদ্যালয় ও শিক্ষকদের নিজ নিজ ক্ষেত্রে অসামান্য অর্জনের জন্য পুরস্কার প্রদান করেছে গুডনেইবারর্স বাংলাদেশ

মেহেরপুর সিডিপি।

গতকাল সোমবার বিকেলে গুডনেইবারর্স বাংলাদেশ বল্লভপুর প্রজেক্ট অফিসের আয়োজনে, মুজিবনগর উপজেলা অডিটরিয়ামে এই সভা ও পুরস্কার বিতরণের আয়োজন করা হয়।

গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর সিনিয়র অফিসার (প্রোগ্রাম) রিফাত আল মাহমুদ এর সঞ্চালনায় এবং গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি বল্লভপুর প্রজেক্ট অফিসের ম্যানেজার বিভব দেওয়ানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোহাস্মদ আলাউদ্দীন,
সভায় উপজেলা ১০ টি স্কুলের প্রধান শিক্ষক, ১ জন সহকারি শিক্ষক এবং ১ জন এসএমসি সদস্য অংশ গ্রহন করেন। নিজ নিজ ক্ষেত্রে অসামান্য অর্জনের জন্য আনন্দবাস সরকারি প্রাথমিক বিদ্যালয়, কেদারগঞ্জ সরকারী প্রাথমিক বিদ্যালয় এবং বাগোয়ান সরকারী প্রাথমিক বিদ্যালয় কে পুরস্কৃত করা হয়।

সেই সাথে উপজেলার ভালো শিক্ষক হিসেবে অসামান্য অবদানের রাখার জন্য ভবানীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আমিনুর রহমান কে শ্রেষ্ঠ প্রধান শিক্ষক, বল্লভপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের জমিরুল শেখ শ্রেষ্ঠ সহকারী শিক্ষক এবং মুজিবনগর মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের খদেজা খাতুনকে শ্রেষ্ঠ সহকারী শিক্ষকের পুরস্কার প্রদান করা হয়।

সেই সাথে অংশগ্রহণকারী সকল প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের হাতে বিশেষ পুরস্কার তুলে দেওয়া হয়।

মুজিবনগরে বিদ্যালয় পরিচালনা

কমিটির সভা

মুজিবনগরে উপজেলার মাধ্যমিক বিদ্যালয়ের পরিচালনা কমিটির সাথে সভা এবং মাধ্যমিক বিদ্যালয় ও শিক্ষকদের নিজ নিজ ক্ষেত্রে অসামান্য অর্জনের জন্য পুরস্কার প্রদান করেছে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি।

আজ বৃহস্পতিবার বিকেলে গুডনেইবারর্স বাংলাদেশ বল্লভপুর প্রজেক্ট অফিসের আয়োজনে, অফিস হল রুমে এই সভা ও পুরস্কার বিতরণের আয়োজন করা হয়।

গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর সিনিয়র অফিসার (প্রোগ্রাম) রিফাত আল মাহমুদ এর সঞ্চালনায় এবং গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি বল্লভপুর প্রজেক্ট অফিসের ম্যানেজার বিভব দেওয়ানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন করিম।

সভায় উপজেলা ১০ টি স্কুলের প্রধান শিক্ষক,১ জন সহকারি শিক্ষক এবং ১ জন এসএমসি সদস্য অংশ গ্রহন করেন। নিজ নিজ ক্ষেত্রে অসামান্য অর্জনের জন্য মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়, গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয় এবং জয়পুর তারানগর মাধ্যমিক বিদ্যালয় কে পুরস্কৃত করা হয়।

সেই সাথে উপজেলার ভালো শিক্ষক হিসেবে অসামান্য অবদানের রাখার জন্য মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইজারুল ইসলাম কে শ্রেষ্ঠ প্রধান শিক্ষক, আনন্দবাস মিয়া মুনসুর একাডেমীর রাসেল উদ্দিনকে শ্রেষ্ঠ সহকারী শিক্ষক এবং আদর্শ মাধ্যমিক বিদ্যালয় শিবপুরের তানিয়া আক্তারকে শ্রেষ্ঠ সহকারী শিক্ষকের পুরস্কার প্রদান করা হয়।

সেই সাথে অংশগ্রহণকারী সকল বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের হাতে বিশেষ পুরস্কার তুলে দেওয়া হয়।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

বিদ্যালয়ে ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগীতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান

মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরেফীন বলেছেন, ‘সুন্দর ও সুস্থ জীবন গঠনে এবং প্রতিযোগিতামূলক মনোভাব সৃষ্টিতে খেলাধুলার গুরুত্ব অপরিসীম। জয়-পরাজয় প্রতিযোগিতার পথ ধরেই সৃষ্টি হয় এবং প্রতিযোগিতার ফলে খেলার মান উন্নত হয়।’

তিনি গতকাল বিকেলে মিরপুর উপজেলার বলিদাপাড়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগীতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।

তিনি বলেন, খেলাধুলা হচ্ছে লেখাপড়ার অবিচ্ছেদ্য অংশ। খেলাধুলা শরীর গঠনে ও মেধা বিকাশে সহায়তা করে। সুস্থ দেহ, সুস্থ মন গড়ে তোলে। বিশ্ব সম্প্রীতি বৃদ্ধি করে। কাজেই খেলাধুলা ছাড়া লেখাপড়া অসম্পূর্ণ থেকে যায়। এছাড়াও আন্তর্জাতিক অঙ্গনে দেশের পরিচিতি ও সম্মান বাড়ানোর ক্ষেত্রে খেলাধুলার ভূমিকা অনস্বীকার্য।

তিনি বলেন, বলিদাপাড়া মাধ্যমিক বালিকা বিদ্যালয় আয়োজিত আজকের এ বার্ষিক ক্রীড়া প্রতিযোগীতা ও সাংস্কৃতিক প্রতিযোগীতার মধ্য দিয়ে আমাদের নতুন প্রজন্ম, আমাদের ছাত্র ছাত্রীরা বঙ্গবন্ধুকে নতুন ভাবে জানার সুযোগ লাভ করবে। তারা জাতির পিতার আদর্শে উদ্বুদ্ধ হয়ে সুনাগরিক হবার দীপ্ত শপথে বলীয়ান হবে।

বলিদাপাড়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি ও বারুইপাড়া ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোমিনুল হক মমিনের সভাপতিত্বে এসময় বিশেষ অতিথির বক্তব্য রাখেন, মিরপুর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জয়নাল আবেদীন, বারুইপাড়া ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শফিকুল ইসলাম মন্টু, উপজেলা আওয়ামীলীগের নাট্য ও সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক তকরিম উদ্দিন খান, বারুইপাড়া ইউনিয়ন আওয়ামীলীগের যুগ্ম সাধারন সম্পাদক শাহানুর মালিথা, বলিদাপাড়া বালিকা বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক ফিরোজ আলম স্বপন, সহকারী প্রধান শিক্ষক সুলতান মাহমুদ, ইরিনা খাতুন, বিদ্যালয় পরিচালনা কমিটির সদস্য মোহাম্মদ মিঠু মন্ডল, জালাল উদ্দিন মন্ডল, মোহন আলী খান,

মঞ্জু মৌলভী, ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি সুমন মালিথা, সাধারন সম্পাদতকব এজে অপিসহ অভিভাবক সদস্য ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন।

দিনব্যাপী বিদ্যালয়ের শিক্ষার্থীদের সমন্বয়ে দৌড় প্রতিযোগিতা, দীর্ঘ লম্ফ, মার্বেল চামুচ মুখে দৌড়, দড়ি লাফ, পাতিল ভাঙ্গা, বর্ষা-চাকতি-গোলক নিক্ষেপ, আবৃত্তি, নৃত্য ও চমকপ্রদ ইভেন্ট যেমন খুশি তেমন সাজসহ বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। অনুষ্ঠান শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

অনুষ্ঠানটি পরিচালনা করেন বলিদাপাড়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সহকারী শিক্ষক এনামূল হক বাবু।
ক্রীড়া প্রতিযোগীতা পরিচালনা করেন বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক সুলতান মাহমুদ।